পাবনায় পুলিশের সাঁড়াশি অভিযানে গ্রেপ্তার ৮১

ফাইল ফটো

পাবনা জেলা প্রতিনিধি : জেলায় সাঁড়াশি অভিযানে জেলার ৯ উপজেলার ১১ থানায় সোমবার রাত থেকে মঙ্গলবার ভোর পর্যন্ত অভিযান চালিয়ে বিএনপি, জামায়াত-শিবিরের কর্মী-সমর্থকসহ ৮১ জনকে গ্রেপ্তার করেছে পুলিশ।

ডি আই-১ আহসানুল হক জানান, পাবনা সদরে ১১, সুজানগরে ৬, আটঘরিয়ায় ৫, বেড়ায় ৫, সাঁথিয়ায় ১০, আতাইকুলায় ৫, আমিনপুরে ৭, ঈশ্বরদীতে ১২, চাটমোহরে ১১, ভাঙ্গুড়ায় ৩ ও ফরিদপুরে ৬ জনকে পৃথক পৃথক অভিযান চালিয়ে আটক করা হয়।

পাবনার অতিরিক্ত পুলিশ সুপার (অপরাধ) লিটন কুমার সাহা জানান, দেশের চলমান আইনশৃঙ্খলা বাহিনীর সাঁড়াশি অভিযানের অংশ হিসেবে ৮১ জনকে গ্রেপ্তার করা হয়েছে। গ্রেপ্তারকৃতদের মধ্যে পুলিশের তালিকাভুক্ত আসামি, পলাতক আসামি, বিএনপি-জামায়াত-শিবিরের নেতাকর্মী ও সমর্থকসহ নাশকতায় অংশগ্রহণকারীও রয়েছে।